দৈনিক ইত্তেফাক

তারিখ 24 NOV 1993
পৃষ্ঠা ... ১ ... কলাম ৩ ...

# অলক হত্যা ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট

ইত্তেফাক রিপোর্ট ॥ বুয়েট ক্যাম্পাসে মন্টু সমর্থিত ছাত্রলীগ (মি-ল) নেতা অলক পালের হত্যাকাণ্ডের প্রেক্ষিতে গতকাল (মঙ্গলবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ে কোন ক্লাস অনুষ্ঠিত হয় নাই। ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ, বিভিন্ন ছাত্র সংগঠন পৃথক সভায় এই হত্যাকাণ্ডে জড়িতদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের দাবী জানাইয়াছে। নিহত অলকের

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## অলক হত্যা

(১ম পৃঃ পর)

লাশ গতকাল সকালে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের মর্গ হইতে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নেওয়ার পর কিশোরগঞ্জের তাড়াইলস্থ গ্রামের বাড়ীতে পাঠানো হইয়াছে।

সোমবার রাতে বুয়েটের তিতুমীর হলের গেটে সন্ত্রাসীদের গুলীতে অলক পাল নিহত হন। অলক ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্র বিজ্ঞান বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র ছিলেন। তাহার পিতার নাম নিরঞ্জনকান্তি পাল। ৯ ভাইয়ের মধ্যে অলক ছিলেন তৃতীয়। জগন্নাথ হলের আবাসিক ছাত্র অলক দীর্ঘদিন হলের বাহিরে ছিলেন। ছাত্র লীগ (ম-ই) নেতা মনিরুজ্জমান বাদলের হত্যাকাণ্ডের অন্যতম আসামী হিসাবে অলকের নাম ছিল। এদিকে অলকের হত্যাকাণ্ডে ছাত্রলীগের (ম-ই) ৬ জন নেতাকেস দায়ী করিয়া ছাত্রলীগের (মি-ল) পক্ষ হইতে তারেক হাসান লিউ লালবাগ থানায় একটি মামলা দায়ের

(৭ম পৃঃ ৭-এর কঃ দ্রঃ)